সর্বশেষ আপডেট করা হয়েছে : 26 এপ্রিল, 2021

## কোভিড-19: টরেন্টোবাসীদের জন্য নির্দেশিকা

এই নির্দেশিকা টরেন্টোবাসীদের নিকট প্রভিন্স অফ অন্টারিও-এর কোভিড-19 শাটডাউন ব্যবস্থাগুলির মধ্যে কয়েকটির উপর এবং বৃহস্পতিবার, 8ই এপ্রিল থেকে কার্যকরী হওয়া রাজ্যভিত্তিক স্টে-অ্যাট-হোম অর্ডার (বাড়িতে থাকুন আদেশ)-এর অধীনে তথ্য প্রদান করে।

এই নির্দেশিকাটি আইনভিত্তিক নির্দেশ নয় তবে এই নির্দেশগুলির কয়েকটির লঙ্ঘন রাজ্যভিত্তিক বিধিনিয়মের অধীনে অপরাধ হিসাবে গণ্য করা হবে। রাজ্যভিত্তিক সকল বিধিনিয়মগুলির আইনি অনুপালন নিশ্চিত করার উদ্দেশ্যে, স্বতন্ত্র ব্যক্তিবর্গ এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে, শাটডাউন জোন প্রভিশনস (শাটডাউনের অধীন অঞ্চল সংক্রান্ত সংস্থান), স্টে-অ্যাট-হোম অর্ডার (বাড়িতে থাকুন আদেশ) অন্তর্ভুক্ত করে, প্রাসঙ্গিক আইনগুলি দেখতে হবে এবং/অথবা আইনি পরামর্শ গ্রহণ করতে হবে। রাজ্যভিত্তিক কোভিড-19 শাটডাউন: জনস্বাস্থ্য এবং কর্মক্ষেত্রের বর্ধিত নিরাপত্তা ব্যবস্থাসমূহের একটি সংক্ষিপ্ত বিবরণ রাজ্যটির ওয়েবসাইটে উপলব্ধ।

পার্ক এবং পাবলিক স্কোয়্যারগুলির জন্য শহরটির মাস্ক-উপবিধি এবং শারীরিক দূরত্ব উপবিধিগুলিও বলবত থাকে এবং আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে। ভাইরাসটির বিস্তার হ্রাস করার উদ্দেশ্যে জন স্বাস্থ্য ব্যবস্থাগুলি অনুসরণ করা গুরুত্বপূর্ণ। নম্বরে টরেন্টো জন স্বাস্থ্য হেলপলাইনে কল করুন, যদি আপনার কোভিড-19 সম্পর্কে কোন প্রশ্ন থাকে।

টরেন্টোতে কোভিড-19-এর বিস্তার বন্ধ করার ক্ষেত্রে আপনার করণীয়টি করার জন্য ধন্যবাদ।

| | **শাটডাউন জোন** (শাটডাউনের অধীন অঞ্চল) **এবং স্টে-অ্যাট-হোম আদেশ (বাড়িতে থাকুন আদেশ)** |
|---|---|
| **গৃহাভ্যন্তরীণ জন সমাগম** | স্টে-অ্যাট-হোম আদেশে অনুমোদিত কারণগুলির মধ্যে একটির কারণে ছেড়ে যাওয়া প্রয়োজন না হলে সর্বদাই যেখানে আপনি বর্তমানে বসবাস করেন সেখানেই থাকতে হবে। আপনি, লবিগুলিকে অন্তর্ভুক্ত করে, আপনার বাড়ির বাইরের উঠান অথবা বাড়ির ভিতরের খোলা স্থানগুলির মত আপনার বাড়ির বাইরের অংশগুলি ব্যবহার করতে পারেন, যেখানে আপনি শারীরিক দূরত্ব বজায় রাখতে এবং একটি মাস্ক পরতে পারেন।<br>একই পরিবার এবং একা বসবসাকারী একজন ব্যক্তির মধ্যে ব্যতীত, গৃহাভ্যন্তরীণ সংগঠিত জন সমাগম এবং সামাজিক জন সমাগমগুলি অনুমোদিত নয়।<br>যদি আপনি একা বসবাস করেন, তাহলে আপনাকে একটিমাত্র অন্য পরিবারের সঙ্গে নিবিষ্ট যোগাযোগ রাখতে হবে। |
| **গৃহ বহির্ভূত জন সমাগম** | একই পরিবারের সদস্য ও একাকী বসবাস করা একজন ব্যক্তি ব্যতীত বাড়ির বাইরে আয়োজিত জনসমাগম অনুষ্ঠানগুলি ও সামাজিক সমাবেশ অনুমোদিত নয়। |
| **বিদ্যালয়** | খুব সীমিত ব্যতিক্রম সাপেক্ষে, শিক্ষা আইনের অর্থের মধ্যে স্কুলগুলি বন্ধ থাকবে। |
| **অন্যান্য অঞ্চলগুলিতে ভ্রমণ** | একান্তভাবে প্রয়োজনীয় না হলে, আপনি আপনার অঞ্চলের অথবা রাজ্যটির বাইরে ভ্রমণ করবেন না। |
| **ধর্মীয় আচরণসমূহ : বিবাহ ও শেষকৃত্য** | বিবাহ, শেষকৃত্য অথবা একটি ধর্মীয় আচরণ, আচার অথবা অন্য অনুষ্ঠানের উদ্দেশ্য বাড়ির ভেতরে ও বাইরের সমাবেশ 10 জন অথবা তার কম সংখ্যক মানুষের সমাবেশ করতে হবে।<br>কোনো বিবাহ, শেষকৃত্য, অথবা ধর্মীয় আচরণ, আচার, অথবা কোনো অনুষ্ঠানের সাথে সম্পর্কযুক্ত বাড়ির ভেতর ও বাইরে সামাজিক সমাবেশ অনুমোদিত নয়। |
| **খুচরো ব্যবসা** | অধিকাংশ খুচরো দোকানই, দোকানে উপস্থিত হয়ে কেনাকাটার জন্য বন্ধ। সকাল 7টা থেকে সন্ধ্যা 7টার মধ্যে শুধুমাত্র অগ্রিম অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে আগে-অর্ডার দেওয়া পণ্যগুলির সংগ্রহ এবং সরবরাহ অনুমোদিত। সকল বিক্রয়গুলিই এমন একটি পন্থায় করতে হবে যাতে গ্রাহককে দোকানের মধ্যে প্রবেশ করতে না হয়। সকাল 6টি থেকে রাত 9টার মধ্যে সরবরাহ অনুমোদিত।<br>● নিম্নলিখিতগুলিত স্থানগুলিতে উপস্থিত হয়ে কেনাকাটার জন্য 25% অনুমোদিত করা হয়েছে: : ওষুধপত্র<br>● যে দোকানগুলি প্রাথমিকভাবে মুদিখানা সম্পর্কিত পণ্যগুলি বিক্রয় করে (সুপার মার্কেট, কনভেনিয়েন্স স্টোরস, ইনডোর ফার্মারস মার্কেট) |

| | |
|---|---|
| | • গালামাল, পোষ্য যত্নের সরবরাহ, বাড়ি-ঘর পরিষ্কার ও স্বাস্থ্য যত্ন সরবরাহ, স্কুল সরবরাহ, এবং পরিবারের সুরক্ষামূলক সরবরাহ সহ রেহাই এবং বিগ বক্স স্টোরগুলিতে শুধুমাত্র সীমিত সামগ্রী বিক্রি করার অনুমতি আছে।<br>• লিকার (বিয়ার, ওয়াইন ও স্পিরিট) বিক্রির দোকানগুলি<br>• বাইরের বাগান কেন্দ্র ও গাছগাছালির নার্সারি<br>• ইন্ডোর গ্রিনহাউস<br>বাইরের বাজারগুলি অনুমোদিত যদি:<br>• সেগুলি প্রাথমিকভাবে খাদ্যদ্রব্যগুলি বিক্রয় করে,<br>• পণ্যগুলি গ্রাহকদের নিকট এমন একটি পন্থায় প্রদান করা হয়, যেটি গ্রাহকদের সর্বদাই একটি খোলা স্থানে থাকতে সক্ষম করে, অথবা রাস্তার পাশ থেকে সংগ্রহ অথবা সরবরাহ করার দ্বারা, এবং<br>• 25%-এর অধিক হতে পারবে না<br>• নিম্নলিখিতগুলির ক্ষেত্রে, 25% সক্ষমতার একটি সীমার বিষয়বস্তুস্বরূপ, শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের দ্বারা দোকানে উপস্থিত হয়ে কেনাকাটা অনুমোদিত:<br>• নিরাপত্তা বিষয়ক সরবরাহের দোকানগুলি<br>• যে ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি প্রাথমিকভাবে বিক্রয় করে ভাড়ায় দেওয়ার অথবা মেরামত সংক্রান্ত সহায়তা, চলাফেরা অথবা চিকিৎসাগত সরঞ্জামগুলি।<br>• সুপারিশভিত্তিক চশমাগুলি বিক্রয়ের দোকানগুলি<br>• টেলিযোগাযোগ সুবিধা প্রদানকারী খুচরো দোকানগুলি<br>স্বতন্ত্র ব্যক্তিরা, ওষুধের দোকানগুলি অথবা প্রাথমিকভাবে খাদ্যসামগ্রী বিক্রয়কারী দোকানগুলি অথবা একটি একক নির্ধারিত সংগ্রহের স্থানে একটি নির্ধারিত সংগ্রহের অ্যাপয়েন্টমেন্টের জন্য, সক্ষমতা বিষয়ক সীমার বিষয়বস্তুস্বরূপ শুধুমাত্র রাজ্যভিত্তিক বিধির অধীনে খোলার জন্য অনুমোদিত ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিতে যাওয়ার জন্য শপিং মলগুলিতে প্রবেশ করতে পারবেন।<br>খোলার জন্য অনুমোদিত দোকানগুলিতে আবশ্যিকভাবে গ্রাহকদের স্ব-পরীক্ষা করার প্রয়োজনীয়তা উল্লেখকারী প্রতীক বিদ্যমান থাকতে হবে। যদি আপনি স্ব-পরীক্ষায় উত্তীর্ণ না হন, তাহলে আপনি প্রবেশ করবে না।<br>চিকিৎসাভিত্তিক অবস্থাযুক্ত মানুষ অথবা অতি ছোট বাচ্চাদের জন্য অতিশয় সীমিত ব্যতিক্রমসহ, দোকানে উপস্থিত থাকা সকল ব্যক্তিদেরই আবশ্যিকভাবে একটি মাস্ক অথবা মুখের ঢাকা ব্যবহার করতে হবে। |
| **রেস্তোরাঁ** | অ্যালকোহল অন্তর্ভুক্ত করে, সংগ্রহ করে নেওয়া, গাড়ি চালিয়ে যাওয়ার পথে সংগ্রহ করা এবং সরবরাহ অনুমোদিত।<br>রেস্তোরার ভিতরে অথবা বাইরে বসে আহার করা অনুমোদিত নয়। |
| **ব্যক্তিগত পরিচর্যা পরিষেবাসমূহ** | চুলের স্যালোঁ, নাপিতের দোকান, নখের স্যালোঁ, ট্যানিং স্টুডিও, ট্যাটু পার্লার এবং অন্যান্য সৌন্দর্য্যভিত্তিক পরিষেবাগুলির মত ব্যক্তিগত পরিচর্যা বিষয়ক পরিষেবাগুলি পরিচালনা করার জন্য অনুমোদিত নয়।<br>ফিজিওথেরাপি এবং মাসাজ থেরাপির মত, নিয়ন্ত্রিত স্বাস্থ্য বিষয়ক পেশাদারদের সঙ্গে স্বাস্থ্য পরিচর্যা সংক্রান্ত অ্যাপয়েন্টমেন্টগুলি অনুমোদিত। |

সর্বশেষ আপডেট করা হয়েছে : 26 এপ্রিল, 2021

| | |
|---|---|
| **বিনোদন** | অবস্থার উপর ভিত্তি করে কিছু বাইরের বিনোদনমূলক সুবিধাগুলি খোলা থাকবে। সুবিধাগুলি ব্যবহার করার সময় শারীরিক দূরত্ব বজায় রাখাটা জটিল হলেও অবশ্যই মাস্ক অথবা মুখাবরণ পরিধান করতে হবে। ওয়াশরুমের সুবিধা ব্যবহার করার সময় এবং লাইনে অপেক্ষারত অবস্থাতেও মাস্ক অবশ্যই পরতে হবে।<br>উন্মুক্ত সুবিধাগুলি:<br>• পার্ক ও বিচ<br>• খেলার মাঠ<br>• ওয়াশরুম<br>• কুকুরে ছোটাছুটি করা অঞ্চলগুলি<br>• পার্ক অথবা বিনোদনমূলক স্থানগুলির বেঞ্চ<br>• সম্প্রদায় ও বরাদ্দকৃত বাগানগুলি<br><br>যেসমস্ত বাইরের বিনোদনমূলক সুবিধাগুলি তালিকাভুক্ত করা হয়নি, সেগুলি প্রাদেশিক নীতি অনুযায়ী বন্ধ থাকবে, এর মধ্যে অন্তর্ভুক্ত আছে:<br>• পিকনিক টেবল ও শেল্টার<br>• গল্ফ কোর্স<br>• ডিস্ক গল্ফ কোর্স<br>• স্পোর্টস কোর্ট ও ফিল্ড (যথা বাস্কেটবল ও টেনিস কোর্ট, সকার ফিল্ড, বেসবল ডায়মন্ড, লন বোলিং গ্রিনস)<br>• বিএমএক্স ও স্কেট পার্ক<br>• আউটডোর ফিটনেস সরঞ্জাম<br>• ড্রাই প্যাড (যথা, মাল্টি-ইউজ স্পোর্ট এরিয়া)<br><br>বাইরের ফিটনেস ক্লাস এবং প্রশিক্ষণগুলি অনুমোদিত নয়।<br>সীমিত ব্যতিক্রম (অর্থাৎ পেশাদার এবং উচ্চ-দক্ষতা প্রদর্শনকারী খেলোয়াড়দের দ্বারা ব্যবহৃত, *অ্যাকসেসেবিলিটি ফর অন্টারিয়ানস উইথ ডিসএবিলিটি অ্যাক্ট*-এর দ্বারা সংজ্ঞায়িত অনুসারে একটি অক্ষমতাসহ ব্যক্তিদের শারীরিক চিকিৎসা ব্যবস্থার প্রতি প্রবেশাধিকার) সহ, গৃহাভ্যন্তরীণ খেলাধুলা এবং বিনোদনমূলক ফিটনেস ব্যবস্থাগুলি বন্ধ। |
| **পাঠাগার** | পাঠাগারগুলি খোলা কিন্তু ব্যবহার স্পর্শবিহীন সংগ্রহ পর্যন্ত সীমাবদ্ধ। বই এবং অন্যান্য প্রচারমূলক উপাদানগুলিকে সংগ্রহের জন্য আবশ্যিকভাবে ফোন অথবা অনলাইন ব্যবস্থায় সংরক্ষিত করতে হবে। |
| **পোষ্য পরিচর্যা** | পশু চিকিৎসা পরিষেবাগুলি অনুমোদিত।পোষ্য প্রাণীর দেখাশোনা বিষয়ক পরিষেবা, পোষ্য প্রাণীগুলিকে বেড়াতে নিয়ে যাওয়ার পরিষেবা, পোষ্যগুলিকে শেখানো এবং প্রশিক্ষণ বিষয়ক পরিষেবাগুলির মত পোষ্য বিষয়ক পরিষেবাগুলি অনুমোদিত। |
| **গার্হস্থ্য পরিষেবাসমূহ** | গার্হস্থ্য ও পরিচ্ছন্নতা এবং রক্ষণাবেক্ষণমূলক পরিষেবাগুলি অনুমোদিত যা শিশু, বয়োঃজ্যেষ্ঠ অথবা দুর্বল ব্যক্তিদের সহায় করে। |